৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর
ই-৭, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.dip.gov.bd

নং-৫৮.০১.০০০০.১০১.৪৭.৩৫৪.১৩.১৫৮৬ তারিখঃ ০৭ আশ্বিন ১৪৩১ / ২২ সেপ্টেম্বর ২০২৪

## অফিস আদেশ

যেহেতু, জনাব মোঃ সাব্বির আহমেদ, পিতা- আ.ক.ম মমিনুল হক, মাতা- হাফসা বেগম, স্থায়ী ঠিকানাঃ গ্রাম- কাদলা, ডাকঘর- কাদলা, উপজেলা- কচুয়া, জেলা- চাঁদপুর; বর্তমানে অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (সাময়িক বরখাস্ত) হিসেবে ভিসা সেল, শাহ্ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম (সংযুক্তঃ পার্সোনালাইজেশন কমপ্লেক্স, উত্তরা, ঢাকায়) কর্মরত আছেন; এবং

০২। যেহেতু, অফিসে যথাসময়ে উপস্থিত থাকার নির্দেশনা থাকা সত্ত্বেও তিনি প্রতিনিয়ত বিলম্বে অফিসে উপস্থিত হন এবং প্রায়ই কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে অফিসে অনুপস্থিত থাকেন; এহেন কর্মকান্ডের জন্য তাকে অনেকবার মৌখিক/লিখিতভাবে সতর্ক করা সত্ত্বেও তিনি নিজ দায়িত্বে সচেতন হন নাই এবং অফিসে নিয়মিত উপস্থিত থাকেন না; এবং

০৩। যেহেতু, তিনি ১৬/০৪/২০২৩ খ্রিঃ হতে ০৩/০৫/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত ১৮(আঠার)দিন, ০১/০৯/২০২৩ খ্রিঃ হতে ০২/০৯/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত ০২(দুই)দিন, ০৪/০৯/২০২৩ খ্রিঃ হতে ০৬/০৯/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৩(তিন)দিন, ০৮/০৯/২০২৩ খ্রিঃ হতে ১১/০৯/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৪(চার)দিন, ১৩/০৯/২০২৩ খ্রিঃ হতে ২৪/০৯/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত ১২(বারো)দিন, ২৮/০৯/২০২৩ খ্রিঃ হতে ৩০/০৯/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৩(তিন) দিন, ০২/১০/২০২৩ খ্রিঃ হতে ০৩/১০/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত ০২(দুই) দিন, ০৬/১০/২০২৩ খ্রিঃ হতে ১০/১০/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৫(পাঁচ) দিন, ১৩/১০/২০২৩ খ্রিঃ হতে ১৪/১০/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত ০২(দুই)দিন, ২০/১০/২০২৩ খ্রিঃ হতে ২১/১০/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত ০২(দুই) দিন, ২৩/১০/২০২৩ খ্রিঃ হতে ২৮/১০/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৬(ছয়) দিন, ০৩/১১/২০২৩ খ্রিঃ হতে ০৪/১১/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত ০২(দুই) দিন এবং ০৭/১১/২০২৩ খ্রিঃ হতে ১৪/০১/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত ধারাবাহিকভাবে ৬৯(উনসত্তর) দিন সর্বমোট (১৮+২+৩+৪+১২+৩+২+৫+২+২+৬+২+৬৯) ১৩০(একশত) দিন কর্তৃপক্ষের অনুমতি ব্যতিত কর্মস্থলে অনুপস্থিত থাকেন; এবং

০৪। যেহেতু, তিনি উক্ত সময়ে কর্তৃপক্ষকে কোন মাধ্যমে তার অনুপস্থিতির বিষয়টি অবহিত করেননি। কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত কর্মস্থলে অনুপস্থিত থাকার জন্য তাকে ২৯/১১/২০২৩ খ্রিঃ তারিখে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হলেও তিনি কোন জবাব দাখিল করেননি; এবং

০৫। যেহেতু, তিনি কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতীত কর্মস্থলে অনুপস্থিত থাকার পরে অনুপস্থিতকালীন ছুটি মঞ্জুরের নিমিত্ত কোন আবেদন দাখিল করেননি যা একইসাথে কর্তব্যের প্রতি অবহেলা প্রদর্শন এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের প্রতি অবজ্ঞা প্রদর্শনের শামিল; এবং

০৬। যেহেতু, পূর্বতন কর্মস্থলসমূহে কর্মকালীন তাকে অনুমতি ব্যতিরেকে বিলম্বে কর্মস্থলে উপস্থিত হওয়া ও কর্মস্থলে অনুপস্থিত থাকা এবং শৃঙ্খলা ভঙ্গজনিত অভিযোগের কারণে রুজুকৃত বিভাগীয় মামলায় অধিদপ্তরের স্মারক নং-৫৮.০১.০০০০.১০১.৪৭. ৩৫৪.১৩.৩৩৫, তারিখঃ ১৩/০২/২০২২ খ্রিঃ এর মাধ্যমে ০১(এক) বছরের জন্য "বার্ষিক বর্ধিত বেতন স্থগিত" লঘুদণ্ড প্রদান করা হয়; এতদসত্ত্বেও তিনি উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ আমলে না নিয়ে স্বভাবসুলভভাবে এবং পর্যায়ক্রমে অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত থাকেন; এবং

০৭। যেহেতু, উল্লিখিত অভিযোগসমূহের ভিত্তিতে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিমতে 'অসদাচরণ (Misconduct)' এবং ৩(গ) বিধিমতে 'পলায়ন (Desertion)' এর অভিযোগে বিভাগীয় মামলা নম্বর ০৩/২০২৪ রুজু করে ০৮/০২/২০২৪ খ্রিঃ তারিখের ৫৮.০১.০০০০.১০১.৪৭.৩৫৪.১৩.২১৯ নম্বর স্মারকমূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারীপূর্বক তার নিকট প্রেরণ করা হয়; এবং

০৮। যেহেতু, তিনি বিভাগীয় মামলার আওতায় প্রেরিত অভিযোগনামার জবাব প্রদান করেননি এবং আত্মপক্ষ সমর্থনে ব্যক্তিগত শুনানির জন্য ইচ্ছা পোষণ না করায় বিধি মোতাবেক তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়, তদন্ত কর্মকর্তা ০৮/০৫/২০২৪ খ্রিঃ তারিখে তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে তদন্ত প্রতিবেদন দাখিল্ করেন; এবং

০৯। যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন অনুযায়ী তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিমতে 'অসদাচরণ' এবং ৩(গ) বিধিমতে 'পলায়ন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়; এবং

(চলমান পাতা/০২)

১০। যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং বিভাগীয় মামলা সংশ্লিষ্ট নথি ও অন্যান্য কাগজপত্রসহ প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিমতে 'অসদাচরণ' এবং ৩(গ) বিধিমতে 'পলায়ন'-এর প্রমাণিত অভিযোগে একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক তাকে "চাকরি হতে বরখাস্ত (Dismissal from Service)" গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণক্রমে উক্ত বিধিমালার ৭(৯) অনুসারে ০৩/০৭/২০২৪ খ্রিঃ তারিখের ৫৮.০১.০০০০.১০১.৪৭.৩৫৪.১৩.১০৫৭ নম্বর স্মারকমূলে ২য় কারণ দর্শানোর নোটিশ জারী করে ০৭(সাত) কর্মদিবসের মধ্যে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

১১। যেহেতু, অভিযুক্ত কর্মচারী ২৭/০৭/২০২৪ খ্রিঃ তারিখে ২য় কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করেন। জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় প্রাপ্ত তদন্ত প্রতিবেদন, সংশ্লিষ্ট বিধি-বিধান ও সার্বিক বিষয় পর্যালোচনায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ (Misconduct)' ও 'পলায়ন (Desertion)' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তিনি গুরুদণ্ড পাওয়ার যোগ্য;

১২। সেহেতু, জনাব মোঃ সাব্বির আহমেদ, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (সাময়িক বরখাস্ত), ভিসা সেল, শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম (সংযুক্তঃ পার্সোনালাইজেশন কমপ্লেক্স, উত্তরা, ঢাকা)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ (Misconduct)' এবং ৩(গ) অনুযায়ী 'পলায়ন (Desertion)' এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক 'চাকরি হতে বরখাস্ত (Dismissal from Service)' গুরুদণ্ড প্রদান করা হলো।

১৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
মেজর জেনারেল মোঃ নুরুল আনোয়ার
বিএসপি, এসজিপি, এনডিসি, এইচডিএমসি, এএফডব্লিউসি, পিএসসি, জি
মহাপরিচালক।

নং- ৫৮.০১.০০০০.১০১.৪৭.৩৭৫৪.১৩.১৫৮৬

তারিখঃ ০৭ আশ্বিন ১৪৩১ / ২২ সেপ্টেম্বর ২০২৪

<u>অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ</u>

১। সিনিয়র সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রকল্প পরিচালক, ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রবর্তন প্রকল্প, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
৩। পরিচালক (প্রশাসন ও অর্থ)/(পাসপোর্ট, ভিসা ও পরিদর্শন)/(ডাটা এন্ড পার্সোনালাইজেশন সেন্টার), ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
৪। সিস্টেম এনালিস্ট, ডাটা সেন্টার, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। পরিচালক/উপপরিচালক/সহকারী পরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস/আঞ্চলিক পাসপোর্ট অফিস, ....................।
৬। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৭। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস/ডিস্ট্রিক একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ..........................................।
৮। উপপরিচালক, প্রশাসন/ক্রয় ব্যবস্থাপনা/পাসপোর্ট/ভিসা ও ইমিগ্রেশন/বাজেট ও নিরীক্ষা/ডাটা এন্ড পার্সোনালাইজেশন সেন্টার/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ ও কর্মসম্পাদন/সিআই শাখা, প্রধান কার্যালয়, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
৯। উপপরিচালক, ABIS/Central Clearance শাখা, পার্সোনালাইজেশন কমপ্লেক্স, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, উত্তরা, ঢাকা।
১০। সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
১১। মহাপরিচালক পরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
১২। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (মাসব্য ও অর্থ)/(পাসপোর্ট, ভিসা ও ইমিগ্রেশন), ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
১৩। জনাব মোঃ সাব্বির আহমেদ, পিতা- আ.ক.ম মমিনুল হক, মাতা- হাফসা বেগম, স্থায়ী ঠিকানাঃ গ্রাম- কাদলা, ডাকঘর- কাদলা, উপজেলা- কচুয়া, জেলা- চাঁদপুর।

২২/০৯/২০২৪
(মোঃ সালেহ উদ্দিন)
সহকারী পরিচালক (প্রশাসন)
মহাপরিচালকের পক্ষে
ফোনঃ ০২-৮১৮১০৭২
adadmin@passport.gov.bd